গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ
Sirajganjsadar.sirajganj.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৮৮৭৮.০০০.৪০.০০৩.২৩- ৯০ তারিখ- ০৫.০১.২০২৬ খ্রি.

## সরকারি পুকুর/জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ (সংশোধনীসহ) অনুযায়ী ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখা এর ২৩নভেম্বর ২০২৫ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.২৫.৭০৪ নং স্মারকপত্রের নির্দেশনা মোতাবেক সিরাজগঞ্জ সদর উপজেলাধীন ২০ (বিশ) একর পর্যন্ত ১২টি সরকারি খাস (বদ্ধ) জলমহালসমূহ শর্তস্বাপেক্ষে বাংলা ১৪৩৩ সনের ১লা বৈশাখ তারিখ হতে ১৪৩৫ সনের ৩০ চৈত্র ০৩ (তিন) বছর মেয়াদে অনলাইন প্রক্রিয়ায় সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী ও মৎস্যজীবী সংগঠনের নিকট হতে ভূমি মন্ত্রণালয়ের নির্ধারিত ওয়েবসাইট www.jm.lams.gov.bd থেকে আবেদনপত্র অনলাইনে নিম্নবর্ণিত বর্ষপঞ্জিকা/সিডিউল মোতাবেক নির্ধারিত তারিখ, স্থান ও সময়ে দাখিলকৃত আবেদনের কপি ও জামানতের মূলকপি সিলগালা মুখবন্ধ খামে আহবান করা যাচ্ছে।

**বর্ষপঞ্জিকা/সিডিউল**

| ক্রং নং | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ০১ | অনলাইনে আবেদন দাখিল শুরু ও শেষ। | ১৫ জানুয়ারি ২০২৬ (১লা মাঘ ১৪৩২) থেকে ২৯ জানুয়ারি ২০২৬ (১৫মাঘ ১৪৩২) বঙ্গাব্দ। |
| ০২ | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি সাধারন আবেদন ফরমের সাথে জামানতের মুলকপি/সিডি/বিডি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ এ দাখিল। | ০১ ফেব্রুয়ারি ২০২৬ (১৮ মাঘ ১৪৩২) বঙ্গাব্দের পরবর্তী ০৩ (তিন) কার্যদিবস। |
| ০৩ | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। | ৫ ফেব্রুয়ারি ২০২৬ (২২ মাঘ ১৪৩২) বঙ্গাব্দ থেকে ১১ ফেব্রুয়ারি ২০২৬ (২৮ মাঘ ১৪৩২) বঙ্গাব্দ। |
| ০৪ | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন | ১২ ফেব্রুয়ারি ২০২৬ (২৯ মাঘ ১৪৩২) বঙ্গাব্দ থেকে ১৮ ফেব্রুয়ারি ২০২৬ (০৫ ফাল্গুন ১৪৩২) বঙ্গাব্দ। |

**জলমহালের বিবরণঃ**

| ক্রঃ নং | জলমহালের নাম | ইউনিয়নের নাম | মৌজার নাম | তফসিল সম্পত্তি (আরএস) | | | ০৩ (তিন) বছরের সর্বমোট সরকারি সম্ভাব্য ইজারা মূল্য (৫% বৃদ্ধিসহ) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | খতিয়ান নং | দাগ নং | পরিমান (একর) | |
| ০১. | ছোনগাছা বাজার হতে ঘোড়াচরা উচ্চ বিদ্যালয় পর্যন্ত জলাশয় | বাগবাটী | ফুলকোচা | ১ | ১৭৪২ | ২.৭৭০০ | ১,০৫,০০০/- |
| ০২. | টুকরা ছোনগাছা পুকুর | ছোনগাছা | ছোনগাছা | ১ | ৮২২২<br>৮২২৭ | ১.৭৯০০<br>১.৪২০০ | ৭৫,৬০০/- |
| ০৩. | ভুরভুরিয়া পুকুর | ছোনগাছা | ভুরভুরিয়া | ১ | ৪৩<br>৪৪<br>৪৫ | .৬৬০০<br>.৫০০০<br>.৩৫০০ | ৫০,৪০০/- |
| ০৪. | বহুলী হাট সংলগ্ন পুকুর | বহুলী | বহুলী | ১ | ৭৬০ | ১.০৬০০ | ২,৪৯,৯০০/- |
| ০৫. | চাঁদপাল পুকুর | বহুলী | চাঁদপাল | ১ | ১০৪০ | ১.৬৫০০ | ১,১৬,০০০/- |
| ০৬. | বড়হামকুড়িয়া পুকুর | শিয়ালকোল | বড়হামকুড়িয়া | ১ | ১৫৩৬ | .৭৩০০ | ২,২০,৫০০/- |
| ০৭. | বড়হামকুড়িয়া বিল | শিয়ালকোল | বড়হামকুড়িয়া | ১ | ১৪০৬ | ১.৪৫০০ | ৫২,৫০০/- |
| ০৮. | উত্তর সারটিয়া পুকুর | শিয়ালকোল | উত্তর সারটিয়া | ১ | ৩৮ | .২৫০০ | ৩০০০/- |
| ০৯. | চরশৈলাবাড়ী পুকুর | খোকশাবাড়ি | শৈলাবাড়ী | ১ | ১ | ৩.২৪০০ | ৩,৪৬,৫০০/- |
| ১০. | হৈমবালা পুকুর | পৌর | ভূতেরদিয়ার | ১ | ৭১৩ | .৩৯৬২ | ৮,৪০০/- |
| ১১. | কালিয়া হরিপুর বিল (রেললাইন সংলগ্ন উত্তর পশ্চিম পাড়) | কালিয়াহরিপুর | নারায়নবাড়ী | ১ | ৮৯২ | .২২০০ | ৫১,০০০/- |
| ১২. | কালিয়া বিল | কালিয়াহরিপুর | কালিয়া চৌধুরী | ১ | ২৩৩৬ | ৮.৫৬০০ | ৯,৯২,৫০০/- |

বর্ষপঞ্জিকা/সিডিউলে যেকোন পর্যায়ে কোন জলমহালের আবেদন অনুমোদিত হলে, ইজারাযোগ্য জলমহালের তালিকা, তথ্যাদি শর্তসমূহ নিম্নস্বাক্ষরকারীর ওয়েবসাইট ও উপজেলা ভূমি অফিস, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ এর ওয়েবসাইটে পাওয়া যাবে। কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি সংরক্ষণ করে।

সংযুক্তিঃ শর্তাবলী

০৫/০১/২০২৬
মোঃ মামুন খান
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ

CS CamScanner

শর্তাবলীঃ

০১) সরকারি জলমহাল নীতিমালার আলোকে বাংলা ১৪৩৩ সন হতে বাংলা ১৪৩৫ সন পর্যন্ত ০৩ (তিন) বছর ( ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত) মেয়াদে অস্থায়ীভাবে জলমহাল ইজারা প্রদান করা হবে।

০২) নির্দিষ্ট জলমহালে নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি যা সমবায় অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত, সে সমিতি বা সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনারর জন্য আবেদন করতে পারবেন। তবে যুব (১৮ থেকে ২৫ বছর) মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্যজীবী সমিতিকে অগ্রাধিকার দেয়া হবে।

০৩) আগ্রহী নিবন্ধিত প্রকৃত যুব মৎস্যজীবী সমবায় সমিতি ও মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় হতে নির্ধারিত মূল্যে ক্রয়কৃত ফরমে সাধারণ প্রক্রিয়ায় আবেদন করতে পারবে। আবেদনপত্রের সাথে নির্বাচিত সভাপতি ও সম্পাদকসহ সকল সদস্যদের ছবিসহ নামের তালিকা (ঠিকানাসহ), জাতীয় পরিচয়পত্র (স্ক্যানকপি), সমিতির সভার কার্যবিবরণী, নির্বাচিত নির্বাহী/কার্যকরী কমিটির নামের তালিকা, অঙ্গীকারনাম, সংগঠন/সমিতির নির্বাচিত কমিটির গঠনতন্ত্রের কপি, ব্যাংক হিসাবের লেনদেন, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, সরকারি পাওনা ও সার্টিফিকেট মামলা" নেই মর্মে জেলা প্রশাসক, সিরাজগঞ্জ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র ও আবেদনকারীর সত্যায়িত ছবি ১ (এক) কপি সংযোজন করতে হবে। এছাড়া সংশ্লিষ্ট মৎস্যজীবী সংগঠন/সমিতি ০৩ (তিন) বছর মেয়াদী ইজারা পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনা পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে।

০৪) নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি ক্যালেন্ডার অনুযায়ী আবেদন দাখিলের নির্ধারিত তারিখ ও সময় পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও সহকারী কমিশনার (ভূমি) সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ এর অফিস হতে অফেরৎযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে আবেদন সংগ্রহ করা যাবে। সকল সরকারি জলমহাল ০৩ (তিন) বছরের জন্য ইজারা প্রদান করা হবে। সরকারি মূল্যের চাইতে কম মূল্যে ইজারা দেয়া যাবে না।

০৫) ক্যালেন্ডার অনুযায়ী সংশ্লিষ্ট তারিখ ও সময়ে উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর এবং নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে আবেদনপত্র জমা দেয়া যাবে।

০৬) উপজেলা সমবায়/সমাজসেবা অফিসার কর্তৃক সমিতি কার্যকর রয়েছে মর্মে প্রত্যয়ন পত্র আবেদনের সাথে প্রদান করতে হবে। (নতুন নিবন্ধনকৃত সমিতির ক্ষেত্রে প্রযোজ্য নহে)। এছাড়া সমিতির বিগত দুই বছরের অডিট রিপোর্ট আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। (নতুন নিবন্ধনকৃত সমিতির ক্ষেত্রে প্রযোজ্য নহে)।

০৭) আবেদন ফরম সংগ্রহের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির রেজিস্ট্রেশন/তালিকাভূক্তির মূল সনদপত্র আনতে হবে। অন্যথায় আবেদন ফরম প্রদান করা যাবে না।

০৮) কোন নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি পাওয়া না গেলে পুকুর/জলমহালের চারপার্শ্বের নিকটবর্তী অবস্থানে বসবাসরত বেকার যুবক, মুক্তিযোদ্ধা /মুক্তিযোদ্ধার সন্তান, যুব মহিলা, বিধবা ও স্বামী পরিত্যাক্তা, আনছার ভিডিপি ও গ্রাম পুলিশ সদস্য, দরিদ্র ও অসচ্ছল ব্যক্তির সমন্বয়ে গঠিত ও স্থানীয় সমবায় অফিস কিংবা সমাজসেবা অফিস হতে নিবন্ধিত একক সমিতিকে জলমহাল/পুকুর তিন বছর মেয়াদে ইজারা প্রদান করা যাবে।

০৯) আবেদন ফরমের সাথে ইজারা মূল্যের ২০% অর্থ জামানত বাবদ সোনালী/জনতা/অগ্রণী/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার কমিটির আহবায়ক উপজেলা নির্বাহী অফিসার সিরাজগঞ্জ সদর এর অনুকূলে জামানত হিসেবে প্রদান করতে হবে।

১০) ইজারা বিজ্ঞপ্তি যে সময়েই জারী হোক না কেন কার্যকর হবে সরকারী জলমহাল নীতিমালার আলোকে বাংলা ১৪৩৩ সন হতে বাংলা ১৪৩৫ সন পর্যন্ত ০৩ (তিন) বছর (প্রতি বছর ১ লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত) জলাশয় ইজারা প্রদান করা হবে এবং ইজারা প্রতি বছর সরকারি রাজস্ব ও অন্যান্য শর্ত পুরণ স্বাপেক্ষে নবায়নযোগ্য।

১১) ইজারা প্রাপ্ত মৎস্যজীবী সমবায় সমিতিকে প্রথম বৎসরের সাকুল্য ইজারা মূল্য সিদ্ধান্ত গ্রহণের ০৭ (সাত) দিনের মধ্যে সরকারের জলমহাল ও পুকুর ইজারা ০১/৪৬৩১/০০০০/১২৬১ নং কোডে জমা প্রদান করতে হবে এবং ইজারা মূল্যের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়কর জমা প্রদান করতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্তসহ দরপত্র বাতিল করা হবে।

১২) আবেদনপত্রের মাধ্যমে ইজারাকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ প্রদান করা যাবে না। যদি সাব লীজ দেয়া হয় তাহলে উক্ত জল মহালের ইজারা জামানতসহ জমাকৃত ইজারামূল্য বাতিল করা হবে। এছাড়া ইজারা গ্রহীতা মৎস্যজীবী সমবায় সমিতি কোন জল মহালের নবায়ন মুল্য পরিশোধে ব্যর্থ হলে পরবর্তী ০৩(তিন) বছর কোন জল মহাল ইজারা সংক্রান্ত আবেদন করতে পারবে না।

১৩) কোন প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি দুইটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রাপ্ত হবে না।

১৪) খামের উপর জলাশয়ের নাম, মৎস্যজীবী/মৎস্যজীবী সমিতি বা সংগঠনের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। আবেদনপত্রের উপর ঘষামাজা বা উপরিলিখন গ্রহণ যোগ্য নয়।

১৫) মৎস্য চাষ বিষয়ে প্রশিক্ষনপ্রাপ্ত নিবন্ধনকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনের ক্ষেত্রে প্রয়োজনীয় সত্যায়িত কাগজপত্রাদি অবশ্যই আবেদনপত্রের সাথে সংযুক্ত করে দাখিল করতে হবে।

১৬) ইজারা গ্রহীতা জলাশয়ের অবস্থানের সীমানা পরিবর্তন বা জল মহাল সংলগ্ন পুকুরের পাড় কাটা এবং পাড়ে বৃক্ষাদি কাটাসহ কোন ক্ষতিকারক কাজ করতে পারে না। এরুপ কাজে লিপ্ত হলে জলমহাল ইজারা বাতিল করা হবে।

১৭) প্রকৃত মৎস্যজীবী বা মৎস্যজীবী সংগঠন বলতে সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ কর্তৃক প্রদত্ত সংজ্ঞায় যা বলা হয়েছে, তা বুঝাবে। অর্থাৎ মৎস্যজীবী নির্ধারনে "জাল যার জলা তার" এই নীতির বাস্তবায়ন করা হবে।

১৮ ) সর্বোচ্চ দরদাতার আবেদনপত্র গ্রহণ/অনুমোদন করতে কর্তৃপক্ষ বাধ্য নহে। কোন কারন দর্শানো ব্যতিরেকেই কোন আবেদনপত্র এই ইজারা বিজ্ঞপ্তি গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষন করে।

০৫/০২/২০২৬

মোঃ মামুন খান
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ

CS CamScanner

স্মারক নং- ০৫.৪৩.৮৮৭৮.০০০.৪০.০০৩.২৩- ৯০/৩ (২০)

তারিখ- ০৫.০১.২০২৬ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১) জেলা প্রশাসক, সিরাজগঞ্জ
২) উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ
৩) অফিসার ইন-চার্জ, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ
৪) উপজেলা কৃষি/মৎস্য/সমবায়/সমাজসেবা/যুব উন্নয়ন/মহিলা বিষয়ক কর্মকর্তা, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ
৫) চেয়ারম্যান/প্রশাসক ........................................ইউনিয়ন পরিষদ (সকল), সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ
৬) সভাপতি.................................মৎস্যজীবী সমবায় সমিতি..................., সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ
৭) ইউনিয়ন ভূমি সহকারী/উপসহকারী কর্মকর্তা ....................................... (সকল), সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)
৮) অফিস কপি

০৫/০১/২৬

আফিফান নজমু
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ

CS CamScanner